যায়যায়দিন

তারিখ 6 JAN 2008
পৃষ্ঠা কলাম

ইংরেজিতে ৪৫ পার সেন্ট নাম্বার দাবি

# ঢাকা কলেজসহ বিভিন্ন কলেজে ধর্মঘট পালিত

যাযাদি রিপোর্ট

১১ নভেম্বর অনুষ্ঠিত ইংরেজি পরীক্ষা পুনর্বহাল করে সব শিক্ষার্থীকে ৪৫ পার সেন্ট নাম্বার দেয়ার দাবিতে গতকাল ঢাকা কলেজসহ দেশের বিভিন্ন কলেজে ধর্মঘট পালিত হয়েছে। আজ সকাল থেকে শিক্ষার্থীরা শান্তিপূর্ণভাবে ধর্মঘট পালন ও মানববন্ধন, বিক্ষোভ কর্মসূচি এবং ক্লাস বর্জন কর্মসূচি অব্যাহত রাখবে।

সকালে ঢাকা কলেজের ছাত্ররা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করেন। এরপর তারা রাস্তায় বের হতে চাইলে পুলিশ বাধা দেয়। কিন্তু শিক্ষার্থীরা মেইন গেট দিয়ে কিছুক্ষণ পরই রাস্তায় বের হয়ে আসেন। এ সময় তারা পরীক্ষা বাতিলের জন্য বিভিন্ন স্লোগান দিতে থাকেন। পরে সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে একটি মিছিল ঢাকা কলেজ থেকে বের হয়ে নীলক্ষেত মোড় প্রদক্ষিণ করে আবার কলেজ ক্যাম্পাসে ঢুকে যায়।

জানা গেছে, ঢাকার হবীবুল্লাহ বাহার কলেজ, মিরপুরের বাঙলা কলেজ, তিতুমীর কলেজ, রংপুরের কারমাইকেল কলেজসহ সারা দেশের বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা পরীক্ষা বাতিলের দাবিতে গতকালও বিক্ষোভ প্রদর্শন করে।

উল্লেখ্য, পরপর দুবার ন্যাশনাল ইউনিভার্সিটির অধীনে অনুষ্ঠিত ইংরেজি পরীক্ষা বাতিল হওয়ায় শিক্ষার্থীরা এখন আর পরীক্ষা দিতে চাচ্ছে না। তারা ১১ জানুয়ারি অনুষ্ঠিত ইংরেজি পরীক্ষা পুনর্বহাল করে প্রত্যেক শিক্ষার্থীকে ৪৫ পার সেন্ট নাম্বার দেয়ার দাবিতে গতকাল থেকে ধর্মঘট কর্মসূচি পালন করছে।